

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
বীর উত্তম এ,কে, খন্দকার রোড  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং – ৫১.০১.০০০০.০২৪.৪১.০০১.১৬/

তারিখঃ /০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ- বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২০১৬-২০১৭ অর্থ বছরে “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় নির্মাণাধীন সেতু/কালভার্টের কাজ সমাপ্ত করে চূড়ান্ত প্রাক্কলন দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের অধীন উপজেলায় অনুমোদিত সেতু/কালভার্টের নির্মাণ কাজ পরিপত্রের অনুচ্ছেদ ৪.৩ মোতাবেক কাজ সমাপ্ত করে সর্বশেষ ১৫ই মে/২০১৭ তারিখের মধ্যে চূড়ান্ত প্রাক্কলন অত্র অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে। একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাস্তবায়ন পরিপত্র মোতাবেক কোনক্রমেই চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ছাড়া সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা যাবে না। চূড়ান্ত প্রাক্কলন দাখিলের সময় নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন করা যাবে না।

- (ক) চূড়ান্ত প্রাক্কলন ০২(দুই) প্রস্থ দাখিল করতে হবে। প্রাক্কলনে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এর মূল স্বাক্ষর থাকবে, স্বাক্ষর ফটোকপি হলে গ্রহণযোগ্য হবে না।
- (খ) সেতু/কালভার্ট নির্মাণের স্বচ্ছ (Hard Copy) রংগিন ছবি (কমপক্ষে ০৩কপি তন্মধ্যে ০২ পার্শ্বের এ্যাপ্রোচের ০২ কপি ও সাইড ভিউ ০১ কপি) দাখিল করতে হবে যাতে দুই পার্শ্বের এ্যাপ্রোচ পরিষ্কারভাবে বুঝা যায়। ছবির পিছনে প্রকল্পের নাম, স্বাক্ষর ও সিল সহ সত্যায়ন থাকতে হবে।
- (গ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সেতুটির নির্মাণের বিষয়ে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ হয়েছে কিনা, কাজের গুনগত মান রক্ষা করা হয়েছে কিনা, সেতুটির সংযোগ রাস্তায় কাজ সমাপ্ত করণ পূর্বক যোগাযোগের উপযোগী করা হয়েছে কিনা এবং প্রাক্কলন অনুযায়ী সকল কম্পোনেন্টের কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা ইত্যাদি বিষয়ে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।
- ০২। উল্লিখিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করে প্রাক্কলন দাখিলে ব্যর্থ হলে এবং তার জন্য বরাদ্দকৃত অর্থ তামাদি হলে এর দায়-দায়িত্ব অত্রাফিস বহন করবে না।
- ০৩। বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ

(সওদাগর মুস্তাফিজুর রহমান)

প্রকল্প পরিচালক

(অতিরিক্ত সচিব)

“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের

সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০১। উপজেলা নির্বাহী অফিসার,

উপজেলা.....,

জেলা.....।

০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,

উপজেলা.....

জেলা.....।

স্মারক নং – ৫১.০১.০০০০.০২৪.৪১.০০১.১৬/৪৮৮৭

তারিখঃ ০৪/০৪/২০১৭ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক,.....।
- ০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....। তাঁকে যথাসময়ে চূড়ান্ত প্রাক্কলন দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। জনাব....., দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী, অত্র অফিস।
- ০৬। সোপানসহ, দুইটি প্রকল্পের অধিদপ্তর, ঢাকা।

প্রকল্প পরিচালক

(অতিরিক্ত সচিব)

“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের

সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।